# B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-10

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৬০**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) "আহা! বিধুমুখি কি নিদারুণ কথা বলিলে, আমার অন্তঃকরণে যেন অগ্নিবাণ প্রবেশ করিল"— 'বিধুমুখি' কে? নিদারুণ কথাটি কী?

(খ) "ময়রাণী লো সই। নীল গেঁজেছো কই।।" কারা কাকে এ কথা বলছে? তাদের মধ্যে দু-জনের নাম লেখো।

(গ) "এই আইনটা শ্যামচাঁদের দাদা হইয়াছে।"— 'শ্যামচাঁদ কী? কোন আইনকে 'শ্যামচাঁদের দাদা' বলা হয়েছে?

(ঘ) "মুই টিকিরি — জোন খেটে খাই।" এ কথা কে বলেছে? সে কেন 'কিছু পুঁজি' করার কথা ভেবেছিল?

(ঙ) "না কি এ ম্যাদের পিল হয় না"— কে কোন প্রসঙ্গে কাকে এ কথা বলেছে?

(চ) "গবরমেন্টকে এ বিষয়ে দরখাস্ত করিতে আমাদিগের সভায় লিখিতে হইবেক," উক্তিটি কার? এখানে কোন বিষয়ে দরখাস্ত করার কথা বলেছেন?

(ছ) "সাধু তুমি এমনই সাধু বটে।" কে, কেন কাকে এমন কথা বলেছে?

(জ) "মোর বুকি অ্যাকটা তেরোনালের খোঁচা মার্ মুই স্বগগে চলে যাই"— কে, কাকে এ কথা বলেছে? 'তেরোনাল' কী?

(ঝ) যে গান দিয়ে 'শারদোৎসব' নাটক শেষ হয়েছে তার প্রথম দুটি ছত্র উদ্ধৃত করো।

(ঞ) 'ইনি যে গৃহে জন্মেছেন সে গৃহে জগতের অনেক বড়ো বড়ো বীর জন্মগ্রহণ করেছেন" কে, কার সম্পর্কে কোন প্রসঙ্গে এ কথা বলেছেন?

(ট) "তোমার কাছে যে কয়টা বিষয়ে প্রতিশ্রুত আছি সে আমি সেরে দিয়ে যাব"— প্রতিশ্রুতিগুলি কী কী?

(ঠ) "মহারাজের সামনে আমি যে ইচ্ছাসুখে বসে থাকি এমন আমার স্বভাবই নয়।" কার উক্তি? সে কেন বসে আছে?

(ড) 'শারদোৎসব' নাটকে সন্ন্যাসী ছেলেদের কোন রঙের কাপড় পরতে বলেছে? তা কোথায় পাওয়া যাবে?

(ঢ) "আমরা বেঁধেছি কাশের গুচ্ছ" গানটির রাগ ও তাল উল্লেখ করো।

(ণ) ভৈরবপুরের বেতালসিদ্ধ লোকটির খবর কে জানিয়েছে? তাকে স্বচক্ষে কে দেখেছে?

২। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "শালা লোক আমাদিগের সব কথা বলিতেছে, মহাজনের কথা কিছু বলে না"—কোন প্রসঙ্গে কার উক্তি? মহাজনদের প্রসঙ্গে গোপীনাথ কী বলেছেন?

(খ) "বড়বাবুর অপরাধ নাই, বিবেচনার ত্রুটিও নাই।"—কে কোন প্রসঙ্গে উক্তিটি করেছে? উক্তির সপক্ষে বক্তা সেদিনের ঘটনার যে বিবরণ দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

(গ) "উপপতি করিছি বলে কি আমার শরীরে দয়া নেই"— উক্তির আলোকে চরিত্রটির পরিচয় দাও।

(ঘ) "তার ভণ্ডামি আমার কাছে তো কিছু ঢাকা নেই।" কে, কার প্রসঙ্গে বলেছে? তার বক্তব্যটি ব্যাখ্যা করো।

(ঙ) "ভারি বিশ্রী দিন।" এখানে কে, কোন দিনের কথা বলেছে? দিনটা বিশ্রী কেন? সে এই দিনে কী করতে চায়?

(চ) "সেই খবরটি আজ ঐ উপনন্দের কাছ থেকে পেয়েছি।" কে কোন খবরটি কী ভাবে পেয়েছেন তা ব্যাখ্যা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'নীলদর্পণ' নাটকের মধ্যে অনেক অতিনাটকীয় উপাদান আছে, এই উপাদানগুলি নাটকটির শিল্পরূপের কোনো ক্ষতি করেছে কি না, তা যুক্তিসহ আলোচনা করো।

*অথবা*

'নীলদর্পণ' নাটকে হাস্যরসের প্রয়োগের সার্থকতা সম্পর্কে আলোচনা করো।

(খ) "না বাবা, তোমার মূল্য এখানে কেউ বুঝবে না।" কার উক্তি? যার মূল্য কেউ বুঝবে না, সেই চরিত্রটির যে মূল্য নাট্যকার নাটকে প্রকাশ করেছেন তার স্বরূপ আলোচনা করো।

*অথবা*

"আজ স্পষ্ট প্রত্যক্ষ দেখতে পাচ্ছি—জগৎ আনন্দের ঋণ শোধ করছে।" এই উক্তির আলোকে 'শারদোৎসব' নাটকের তত্ত্বটি ব্যাখ্যা করো।